

বিশ্ব ব্যাংক  
তথ্য বিজ্ঞপ্তি

## বাংলাদেশে বাতাসের মান উন্নয়ন

বাংলাদেশে বায়ুদূষণ একটি গুরুত্বপূর্ণ সমস্যা বিশেষ করে ঢাকায়। হিসাব করে দেখা গেছে বায়ুদূষণের কারণে ঢাকায় বছরে ১৫,০০০টি মৃত্যু ঘটে থাকে এবং কয়েক মিলিয়ন মানুষ অসুস্থ হয়। এই সমস্যা মোকাবেলায় বাংলাদেশ সরকারের কয়েকটি উদ্যোগের একটি বায়ুর মান ব্যবস্থাপনা প্রকল্প (একিউএমপি), যার বাস্‌ডবায়ন ২০০০ সালে শুরু হয়। প্রকল্পটির দু'টি মূল অংশ: এক, বাতাসের গুণগত মান তদারকি এবং দুই, যানবাহন কর্তৃক বায়ুদূষণ নিয়ন্ত্রণ। বিশ্ব ব্যাংকের সহায়তায় পরিচালিত উদ্যোগটি ২০০০ সালের ডিসেম্বরে শেষ হওয়ার কথা থাকলেও তৃতীয় বারের মতো এক-বছর-ব্যাপী মেয়াদ বাড়িয়ে প্রকল্পটিকে ২০০৭-এর ডিসেম্বর পর্যন্ত ডড নেওয়া হয়েছে।

একিউএমপি ঢাকার বায়ুর গুণগত মান সার্বক্ষণিক তদারকির জন্য প্রয়োজনীয় অবকাঠামো তৈরি করে দিয়েছে এবং অক্টোবরে চট্টগ্রামে একটি নতুন সার্বক্ষণিক তদারকি স্টেশন বসানো হয়েছে। খুলনা ও রাজশাহীতে দু'টি এবং ঢাকার কোনো বাস্‌ডডতম এলাকায় একটি, আরো মোট তিনটি বায়ুর মান তদারকি স্টেশন বসানো হবে।

ঢাকা থেকে দুই-স্ট্রীক ইঞ্জিন চালিত তিন চাকার বাহন উঠিয়ে দেওয়ার ক্ষেত্রেও একিউএমপি-র ভূমিকা রয়েছে। এর ফলে ঢাকার বায়ুদূষণ উল্লেখযোগ্য মাত্রায় হ্রাস পেয়েছে। তবে ডিজেল চালিত বাণিজ্যিক যানবাহন ক্রমশ বেড়ে যাওয়ার ফলে আবারও বায়ুদূষণ বেড়ে গেছে এবং বায়ুর মান উন্নয়নে আগের অর্জনগুলোর ক্ষতি হয়েছে।

সম্প্রতি সরকার একিউএমপি-৩৩-কে সহায়তা দেওয়ার জন্য বিশ্ব ব্যাংকের কাছে অনুরোধ জানিয়েছে। ডিসেম্বর ২০০৭-এ প্রথম পর্যায়ের উদ্যোগটি সমাপ্ত হওয়ার পর দ্বিতীয় পর্যায়ের এই উদ্যোগটি শুরু হওয়ার কথা। একিউএমপি-৩৩ ডিজেলচালিত বাণিজ্যিক যানবাহন কর্তৃক সৃষ্ট দূষণ নিয়ন্ত্রণে নীতিমালা প্রণয়ন ও কার্যক্রমের ওপর গুরুত্ব দেবে। এ ছাড়া প্রকল্পটি পরিবেশ অধিদপ্তরের একটি প্রাতিষ্ঠানিক কাঠামো গড়ে তুলতেও সহায়তা দেবে যা বায়ুর মান ব্যবস্থাপনায় অধিদপ্তরের লক্ষ্য-উদ্দেশ্য বাস্‌ডবায়নে সহায়ক হবে।

যোগাযোগ

রিজওয়ান আলম (৮৮০২) ৮১৫-৯০১৫, এক্সটেনশন-৪২৪২

ইমেইল: [salam3@worldbank.org](mailto:salam3@worldbank.org)

বাংলাদেশে বিশ্ব ব্যাংক বিষয়ে বিস্তারিত তথ্যের জন্য দেখুন: [www.worldbank.org.bd](http://www.worldbank.org.bd) এবং  
[www.worldbank.org](http://www.worldbank.org)